



উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

মোংলা বন্দরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক ডিজিটাল সেবা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

এপিএ এর আওতায় মোংলা বন্দর কর্তৃপক্ষের কনফারেন্স রুমে ১২ ও ১৩ এপ্রিল ২০২৩, ২ দিন ব্যাপী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ক ডিজিটাল সেবা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্যাপ্টেন মোঃ আসাদুজ্জামান, সদস্য (হারবার ও মেরিন) এবং ড. এ. কে. এম. আনিসুর রহমান, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) (যুগ্মসচিব), কোর্স পরিচালক হিসেবে ছিলেন মোঃ শাহীনের আলম পরিচালক (প্রশাসন), মেন্টর হিসাবে দায়িত্ব পালন করেন বন্দর কর্তৃপক্ষের বিভাগীয় প্রধানগণ, কোর্স সমন্বয়ক হিসেবে ছিলেন মোঃ মাকরুজ্জামান, উপসচিব, বোর্ড ও জনসংযোগ বিভাগ, এস. এম. মাইদুল ইসলাম, উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা, শিরিন আফরোজ, সহকারী প্রকৌশলী (তড়িৎ), টেকনিক্যাল পার্সন হিসেবে সগীর আহমেদ (প্রোগ্রামার) উপস্থিত ছিলেন।

সকাল ৯.৩০- ৩.০০ ঘটিকা পর্যন্ত দুই দিন ব্যাপী অনুষ্ঠিত কর্মশালায় কর্তৃপক্ষের ১২ টি বিভাগের মোট ২৪ জন কর্মকর্তাগণের অংশগ্রহণে সেবা প্রদানের ক্ষেত্রে প্রাথমিক ভাবে ১২ টি ডিজিটাল আইডিয়া পাওয়া যায়। এসকল ডিজিটাল আইডিয়া যাচাই-বাছাই করে যেগুলি মোংলা বন্দরের ক্ষেত্রে অধিকতর উপযোগী তা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।

স্বাক্ষরিত/-

মোঃ মাকরুজ্জামান

উপসচিব